# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৪৮৪

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

আরবী

حَدَّثَنَا عَفَّانُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ عَاصِمٍ، عَنِ الْمُسَيِّبِ، عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ، عَنْ حُمْرَانَ، قَالَ: كَانَ عُثْمَانُ يَغْتَسِلُ كُلَّ يَوْمٍ مَرَّةً مُنْذُ أَسْلَمَ، فَوَضَعْتُ وَضُوءًا لَهُ ذَاتَ يَوْمٍ لِلصَّلَاةِ، فَلَمَّا تَوَضَّأَ، قَالَ: إِنِّي أَرَدْتُ أَنْ أُحَدِّثَكُمْ بِحَدِيثٍ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ قَالَ: بَدَا لِي أَنْ لَا أُحَدِّثَكُمُوهُ. فَقَالَ الْحَكَمُ بْنُ أَبِي الْعَاصِ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، إِنْ كَانَ خَيْرًا فَنَأْخُذُ بِهِ، أَوْ شَرًّا فَنَتَّقِيهِ. قَالَ: فَقَالَ: فَإِنِّي مُحَدِّثُكُمْ بِهِ: تَوَضَّأَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْوُضُوءَ، ثُمَّ قَالَ: " مَنْ تَوَضَّأَ هَذَا الْوُضُوءَ، فَأَحْسَنَ الْوُضُوءَ، ثُمَّ قَامَ إِلَى الصَّلَاةِ، فَأَتَمَّ رُكُوعَهَا وَسُجُودَهَا، كَفَّرَتْ عَنْهُ مَا بَيْنَهَا وَبَيْنَ الصَّلَاةِ الْأُخْرَى، مَا لَمْ يُصِبْ مَقْتَلَةً يَعْنِي: كَبِيرَةً

صحيح لغيره وهذا إسناده حسن، رجاله ثقات رجال الشيخين غير عاصم ـ وهو ابن أبي النجود ـ فقد روى له أصحاب السنن، وحديثه في " الصحيحين " مقرون، وهو صدوق حسن الحديث

أبو عَوانة: هو الوضاح بن عبد الله اليشكري، والمسيب: هو ابن رافع الأسدي الكاهلي، وموسى بن طلحة: هو ابن عُبيد الله القرشي التَّيْمي من كبار التابعين روى عن عثمان وعلي وغيرهما

وأخرجه البزار (428) عن خالد بن يوسف، عن أبي عوانة، بهذا الإسناد

وأخرجه الطيالسي (77) عن حماد بن سلمة، عن عاصم، عن موسى بن طلحة، به بإسقاط المسيب

وأخرجه البزار (427) من طريق أبي عوانة، عن عبد الملك بن عمير، عن موسى ابن طلحة، به

وأخرجه الطيالسي (76) من طريق عروة، عن حمران، به
وأخرجه بنحوه مسلم (228) من طريق عمرو بن سعيد بن العاص، عن عثمان

বাংলা

৪৮৪। হুমরান থেকে বর্ণিত। উসমান (রাঃ) প্রতিদিন একবার গোসল করতেন। ইসলাম গ্রহণের পর থেকে কখনো এর ব্যতিক্রম করেননি। একদিন আমি তার নামাযের জন্য ওযূর পানি রেখে দিলাম। যখন তিনি ওযূ করলেন, বললেন, আমি তোমাদেরকে একটি হাদীস শুনাতে চাই, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছ থেকে শুনেছি। তারপর বললেনঃ এখন আমার মন চাইছে, শুনাবো না। হাকাম বিন আবিল আস বললেন, আমীরুল মুমিনীন, হাদীসটা শুনান। যদি ভালো হয়, আমরা মেনে চলবো, ভালো না হলে তা এড়িয়ে চলবো। এবার উসমান বললেনঃ তাহলে হাদীসটা তোমাদেরকে শুনাচ্ছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার এই ওযূর মতই ওযূ করেছিলেন। তারপর বললেন : যে ব্যক্তি এভাবে ওযূ করবে এবং সুষ্ঠুভাবে তা সম্পন্ন করবে, তারপর নামাযে দাঁড়াবে, তারপর রুকু ও সাজদা সুষ্ঠুভাবে সম্পন্ন করবে, তার সেই নামায ও আরেক নামাযের মধ্যবর্তী সময়ে সংঘটিত সমস্ত গুনাহ- কবীরা গুনাহ ব্যতীত মাফ করে দেয়া হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন